কানাইঘাটে যুবলীগের ভিন্ন রকম কর্মসূচীতে শোক দিবস পালিত

চেম্বার ডেস্ক:: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস শোকাহবহ পরিবেশে বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে পালন করেছে কানাইঘাট উপজেলা যুবলীগ।

শোক দিবসের দিনে প্রথমে দলের কার্যালয়ে জাতীয় ও সংগঠনের পতাকা অর্ধনিমিত রাখা হয়। এরপর উপজেলা প্রশাসন চত্তরে স্থাপিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে উপজেলা যুবলীগের আহ্বায়ক এনামুল হক ও যুগ্ম আহ্বায়ক এসএম মাহবুবুল আম্বিয়ার নেতৃত্বে দলের নেতাকর্মীরা পুষ্পস্তবক অর্পন করেন।

বাদ জোহর কানাইঘাট বাজার কেন্দ্রীয় জামে মসজিদে বঙ্গবন্ধু ও তাহার পরিবারের সদস্যদের আত্মার মাগফিরাত কামনা করে মিলাদ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। বিকেল ৪টায় কানাইঘাট বাজারস্থ দলের কার্যালয়ে শোক দিবস উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। আহ্বায়ক এনামুল হকের সভাপতিত্বে ও যুগ্ম আহ্বায়ক এসএম মাহবুবুল আম্বিয়ার পরিচালনায় শোক দিবসের আলোচনা সভায় দলের বিপুল সংখ্যক নেতাকর্মীদের উপস্থিতিতে উপজেলা আওয়ামীলীগের নেতৃবৃন্দ ও যুবলীগের বিভিন্ন ইউনিটের দায়িত্ব প্রাপ্ত নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

এছাড়া যুবলীগের কেন্দ্রীয় কর্ম সূচীর সকল অনুষ্ঠান উপজেলা যুবলীগ দিনভর শোক দিবস উপলক্ষ্যে পালন করেন।